

বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবসে মহাসচিব কফি আনানের বাণী

১০ অক্টোবর ২০০৫

গত বছর বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস পালনকালে মানসিক ও শারীরিক স্বাস্থ্যের জটিল সম্পর্কটি তুলে ধরা হয়। শারীরিক অসুস্থতার মাঝে অনেক ক্ষেত্রেই ভাবাবেগ ও আচরণগত সমস্যা জড়িয়ে থাকে। আমরা এটাও জানি যে, পুরাতন রোগের পরিণতিতে মানসিক বিশৃঙ্খলার অবদান রয়েছে। তাই স্বাস্থ্য ব্যবস্থায় পীড়িত স্বাস্থ্যের শারীরিক ও মানসিক স্বাস্থ্য মাত্রা উভয়েরই সমাধান হয় এমন একটা কল্যানমুখী উদ্যোগ গ্রহণ করা অতীব জরুরী।

এ বছরের প্রতিপাদ্য "জীবন জুড়ে মানসিক ও শারীরিক স্বাস্থ্য" এর উদ্দেশ্য হলো ব্যক্তি মানুষের জীবন জুড়ে তাদের প্রতি চিকিৎসা ও সেবা ব্যবস্থার সাড়াপ্রবণ হওয়ার প্রয়োজন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা। শৈশব থেকে বার্ধক্যকাল পর্যন্ত জীবনের প্রতিটি পর্যায়ে ভিন্ন ভিন্ন চ্যালেঞ্জ ও ভিন্ন ভিন্ন প্রয়োজন নিয়ে আসে। এসব ভিন্নতার প্রকৃতি ও সমাধান ব্যক্তি ও পরিবারের স্বাস্থ্য ও ক্রিয়াকর্মে উন্নতি আনতে পারে, এবং সফল সমাজ গঠনে অবদান রাখতে পারে।

বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস ২০০৫-এ জীবনের প্রতিটি পর্যায়ে সকল ব্যক্তি মানুষের জন্য মানসিক ও শারীরিক চিকিৎসা ও সেবাকে আরো নিকটবর্তী করার জন্য যেন আরো সচেষ্ট হবার অঙ্গীকার গ্রহণ করি।

* * * *